



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর, বাংলাদেশ

ওয়েবসাইট: www.nu.ac.bd

পরিচালকের কার্যালয়

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

ফোন : ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স: ০২ ৯২৯১০৫০

mail: pr@nu.edu.bd

গ্রহণের তারিখ

৩০ নভেম্বর, ২০২০

### সংবাদ বিজ্ঞপ্তি

## জাতীয় বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের জন্য অনলাইনে ৬ হাজার লেকচার আপলোড

কোভিড-১৯ মহামারি পরিস্থিতিতে দেশব্যাপী অনলাইন শিক্ষাকার্যক্রম চালু করতে শুরু থেকেই বিভিন্ন উদ্যোগ গ্রহণ করছে জাতীয় বিশ্ববিদ্যালয়। শিক্ষার্থীরা যাতে ঘরে বসে পড়াশোনায় মনোযোগী হতে পারে সে জন্য ইতোমধ্যে ৩১ টি ডিসিপ্লিনে ৬ হাজার লেকচার অনলাইনে আপলোড করা হয়েছে। শিক্ষার্থীরা [www.youtube.com/nuedutube](http://www.youtube.com/nuedutube) এই ওয়েবসাইট লগইন করলে এই লেকচারগুলো পাবেন। পর্যায়ক্রমে আরও সাড়ে ১১ হাজার লেকচার আপলোড করা হবে। গত ২৭ আগস্ট জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন শিক্ষা কার্যক্রম উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এমপি।

করোনা মহামারী পরিস্থিতির শুরু থেকেই জাতীয় বিশ্ববিদ্যালয় অনলাইন শিক্ষা-কার্যক্রম চালুর জন্য কলেজগুলোকে বিভিন্ন দিক নির্দেশনা দিয়েছে। তবে প্রাতিষ্ঠানিক ও সুসংগঠিতভাবে অনলাইন শিক্ষা-কার্যক্রম চালুর জন্য এই উদ্যোগ নেয়া হয়েছে।

এই কার্যক্রমের আওতায় অনলাইনে ১৪৫৮ জন শিক্ষকের ১৪৫৮ টি কোর্সে মোট ১৭ হাজার ৫০০ টি ভিডিও ক্লাস আপলোড করা হবে। একজন শিক্ষার্থী প্রত্যন্ত অঞ্চল থেকে খুব সহজে ক্লাস লেকচারের এই ভিডিও দেখতে পাবেন।

(মোঃ ফয়জুল করিম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

জাতীয় বিশ্ববিদ্যালয়

মোবাইল-০১৭১১৫৬২১২৪